

উপজেলা কৃষি ও সেচ কমিটির নভেম্বর, ২০২২ মাসের সভার রেজুলেশন

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর।

তারিখঃ ০৮/১১/২০২২ খ্রিঃ

সময়ঃ বিকাল ০২.৩০ ঘটিকা।

সভাপতিঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

আলোচ্য বিষয়ঃ

- ১। চলমান রবি মৌসুমে ক্ষুদ্র সেচ নিয়ে করণীয়।
- ২। রবি মৌসুমে মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের কীটনাশকের ক্ষতিকর প্রভাব রোধে করণীয়।
- ৩। বোরো বীজতলা।
- ৩। অন্যান্য


উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনার জন্য কমিটির সদস্য সচিব জনাব সুমন কুমার বাসাক, উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর কে অনুরোধ জানানো হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	জনাব সুমন কুমার বাসাক, উপজেলা কৃষি অফিসার কাপাসিয়া, গাজীপুর, উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে অবগত করেন, বর্তমানে রবি মৌসুম চলমান রয়েছে। কৃষি ক্ষেত্রে বর্তমানে বোরো বীজতলা ও শাকসবজী মাঠে রয়েছে, তাই ক্ষুদ্র সেচ যন্ত্র নির্বিঘ্নে চালু রাখা প্রয়োজন।	সকলকে সহযোগিতার জন্য আহবান করা হয়।	উপজেলা কৃষি অফিসার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
২	উপজেলা কৃষি অফিসার, বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি ইঞ্চি জমির ব্যবহার বাড়াতে অনাবাদী পতিত ও বসতবাড়িতে শীতকালীন ফসলের আবাদ বৃদ্ধির জন্য উপজেলা পরিষদের অর্থায়নে সবজীর বীজ বিতরণ করা যেতে পারে। এ বিষয়ে সবার সহযোগীতা কামনা করেন।	এডিপির অর্থায়নে বীজ সহযোগিতার জন্য প্রস্তাব উপজেলা সমন্বয় সভায় উত্তোলনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা কৃষি অফিসার/ ভাইস- চেয়ারম্যান
৩	মাঠে বোরো বীজতলার জন্য ও সঠিক বয়সের চারা রোপনের জন্য সেচ স্কীম সময়মত চালু করার জন্য সকল স্কীম ম্যানেজারদের কঠোরভাবে তদারকি করতে হবে।	সেচ স্কীম সময়মত চালু করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান করা হয়।	উপজেলা কৃষি অফিসার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)/ উপসহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি
৪	সকল সদস্যবৃন্দ আলোচনা করেন, বর্তমানে নিরাপদ ফসল চাষের জন্য কীটনাশকের ব্যবহার কমিয়ে নিরাপদ উপায়ে ফসল চাষের জন্য কৃষকদের সচেতন করার জন্য প্রশিক্ষণের	সর্বসম্মতিক্রমে, ২০২২-২৩ অর্থবছরে কৃষি খাতে জাইকার অর্থাইয়ে নিরাপদ সবজী চাষের প্রশিক্ষণ ও জৈব	ভাইস- চেয়ারম্যান/ উপজেলা কৃষি অফিসার

প্রয়োজন। এ বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন।	উপকরণ সরবরাহের প্রস্তাব গৃহীত হয়।	
--	---------------------------------------	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ আসাদুজ্জামান,
ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাপাসিয়া, গাজীপুর
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং : ১২.১৮.৩৩৩৬.০৪১.৯৯.০০০.১৯

তারিখ : ০৮/১১/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ


১। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কাপাসিয়া, গাজীপুর।

২। ডি জি এম, পল্লী বিদ্যৎ সমিতি, কাপাসিয়া, গাজীপুর

৩। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

৪। উপসহকারী কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

৫। উপসহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি, কাপাসিয়া, গাজীপুর



(সুমন কুমার বসাক)

উপজেলা কৃষি অফিসার

কাপাসিয়া, গাজীপুর

ও

সদস্য সচিব,

উপজেলা কৃষি ও সেচ কমিটি, কাপাসিয়া, গাজীপুর।